



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/সংস্থা/৮৪২

তারিখঃ ১৯/০৭/২০১৬ খ্রিঃ।

জরুরি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখ (গেজেট) এস,আর,ও নং ৩৭০-আইন/২০১৫-Services (Re-organization and Conditions) Act,1975 (Act No, xxxII of 1975) এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেতন ভাতা সংক্রান্ত আদেশ জারি করেন। জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী জুলাই ২০১৬ মাস থেকে বোর্ডে কর্মরত কর্মচারীদের অধ্যয়নরত সন্তানদের জন্য প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে নতুন হারে শিক্ষা সহায়ক ভাতা প্রদান করা হবে। উক্ত শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির লক্ষ্যে এতদসঙ্গে প্রদত্ত ছকটি যথাযথভাবে পূরণকরত: আগামী ২০/০৭/২০১৬ তারিখের মধ্যে সংস্থাপন শাখায় জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২. আঞ্চলিক কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ বর্ণিত সময়ের মধ্যে বোর্ডে হাতে হাতে জমাদানে ব্যর্থ হলে তথ্য ছকটি পূরণ করত: পিডিএফ ফরমেটে এবং ছবি জেপিইজে ফরমেটে স্ক্যান করে ই-মেইল যোগে (info@bmeb.gov.bd অথবা registrar@bmeb.gov.bd) পাঠাতে পারবেন। তবে পরবর্তী মাসের (আগষ্ট ২০১৬) ১ম সপ্তাহে অবশ্যই মূল কপি সংস্থাপন শাখায় অথবা আইসিটি সেলে হাতে হাতে জমা দিতে হবে।

(প্রফেসর এ.কে.এম. ছায়েফ উল্যা)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে
কর্মরত সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। প্রকাশনা নিয়ন্ত্রক, ঐ
- ৩। মাদরাসা পরিদর্শক। ঐ
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঐ
- ৫। উপ-রেজিস্ট্রার (প্রশাসন) ঐ
- ৬। উপ-রেজিস্ট্রার (কমন) ঐ
- ৭। উপ-পরিদর্শক, ঐ
- ৮। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) ঐ
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, ঐ
- ১০। প্রোগ্রামার এন্ড আইসিটি ইন চার্জ, ঐ
- ১১। সহকারি প্রকৌশলী, ঐ
- ১২। সহকারি পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/ ময়মনসিংহ অঞ্চল।
উপরোক্ত ১ থেকে ১২ ক্রমিকের কর্মকর্তাবৃন্দকে তাদের অধিনস্থ কর্মচারীদের তথ্য যথাসময়ে বোর্ডের সংস্থাপন/আইসিটি শাখায় জমাদানের বিষয়টি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মুজিবুর রহমান)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৯৬৭৪৮৭৪।

